**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 10-06-24** **Desk in Charge :**

**Time : 7-35 AM** **Compiling :**

**Morning /Day /Evening National/ Regional/ General**

**Opening Announcement** – আকাশবাণী / খবর পড়ছি –

## বিশেষ বিশেষ খবর –

১/ শীর্ষ বিজেপি নেতা নরেন্দ্র মোদী, টানা তৃতীয়বার দেশের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন।

# গতকাল সঙ্গে শপথ নিয়েছেন ৩০ জন পূর্ণমন্ত্রী, ৫'জন স্বাধীন দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী ও ৩৬ জন প্রতিমন্ত্রী।

২/ এরাজ্য থেকে প্রতিমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন, বিজেপি-র রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার এবং বনগাঁর সাংসদ শান্তনু ঠাকুর ।

৩/ তৃণমূল কংগ্রেস, ফের NDA সরকারের স্থায়ীত্ব নিয়ে প্রশ্ন তুলেছে।

৪/ রাজ্য সরকারের 'সমুদ্র সাথী' প্রকল্পের জন্য আবেদনের সময়সীমা ১৫-ই জুলাই পর্যন্ত বাড়ছে।

৫/ রাণীগঞ্জে স্বর্ণ বিপণিতে ডাকাতির ঘটনায় পুলিশ একজনকে আটক করেছে। উদ্ধার হয়েছে ছিনতাই করা গাড়িটি।

৬/ দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় ফের তাপপ্রবাহের পরিস্থিতি।

*************************************************************

প্রবীণ বিজেপি নেতা নরেন্দ্র মোদি গতকাল তৃতীয়বারের জন্য দেশের প্রধানমন্ত্রী হিসাবে শপথ নিয়েছেন। দিল্লীতে গতসন্ধ্যায় রাষ্ট্রপতি ভবন চত্বরে এক অনুষ্ঠানে শ্রী মোদীকে পদ ও মন্ত্রগুপ্তির শপথ পাঠ করান রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।

(বাইট- PM শপথ )

মোদীর নেতৃত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভায় আরও যে সব মন্ত্রী শপথ নিয়েছেন তাঁদের মধ্যে ৩০ জন পূর্ণমন্ত্রী, স্বাধীন দায়িত্বপ্রাপ্ত ৫ জন প্রতিমন্ত্রী ও ৩৬ জন প্রতিমন্ত্রী। পূর্ণমন্ত্রীদের মধ্যে উল্লেখোযোগ্য হলেন, রাজনাথ সিং, অমিত শাহ, নীতিন গড়করি, এস জয়শঙ্কর, পীয়ুষ গোয়েল, ধর্মেন্দ্র প্রধান, রাজ্যসভার সাংসদ নির্মলা সীতারামন, জে পি নাড্ডা। মধ্যপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী শিবরাজ সিং চৌহান, হরিয়ানার প্রাক্তন মুখ্যমন্ত্রী মনোহরলাল খাট্টার প্রমুখ।

এছাড়া কর্ণাটকের প্রাক্তন মুখ্যমন্ত্রী JDS সাংসদ H D কুমারস্বামী, বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা ‘হাম’ দলের প্রধান জিতেনরাম মনঝি, JDU-Eর সাংসদ রাজীব রঞ্জন সিং, অসমের প্রাক্তন মুখ্যমন্ত্রী সর্বানন্দ সোনোওয়ালও পূর্ণমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন।

NDA-র শরিক দলগুলির মধ্যে LJP-র নেতা চিরাগ পাসোয়ান, JDU-এর লালন সিং, আপনা দলের অনুপ্রিয়া প্যাটেল, শিবসেনার শিন্ডে গোষ্ঠীর প্রতাপ রাও যাদব ও রিপাবলিকান পার্টি অফ ইন্ডিয়ার রামদাস আটাওয়ালে, রাষ্ট্রীয় লোকদলের জয়ন্ত চৌধুরীও মন্ত্রিসভায় অন্তর্ভুক্ত হয়েছেন। তেলুগু দেশম পার্টির কিনজারাপু রামমোহন নাইডু ও পেমাস্বামী চন্দ্রশেখরও মন্ত্রী হিসাবে শপথ নেন।

এরাজ্য থেকে মন্ত্রিসভায় এলেন দুজন। বিজেপি রাজ্য সভাপতি, বালুরঘাটের সাংসদ সুকান্ত মজুমদার প্রতিমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন।

( বাইট –সুকান্ত শপথ)

সুকান্ত মজুমদার কেন্দ্রীয় প্রতিমন্ত্রী হিসাবে শপথ গ্রহণ করতেই উতসবে মেতে ওঠেন বালুরঘাটের দলীয় কর্মী সমর্থকরা। বের হয় বর্ণাধ্য মিছিল। চলে মিষ্টি বিতরণ।

প্রতিমন্ত্রী হিসেবে শপথ নেন উত্তর ২৪ পরগনার বানগাঁ-র সাংসদ শান্তনু ঠাকুর। (বাইট- শান্তনু ঠাকুর শপথ)

ঠাকুরবাড়িতে ডঙ্কা, খোল বাজিয়ে আনন্দ উচ্ছ্বাস প্রকাশ করেছেন মতুয়ারা।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পর ফের NDA সরকারের স্থায়িত্ব নিয়ে প্রশ্ন তুলেছেন দলের নেতা রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম।

(বাইট- ফিরহাদ )

*********************

ঘাটাল মাস্টার প্ল্যানের দ্রুত রূপায়ন এবং রাজ্যের বকেয়া টাকা যাতে দ্রুত মিটিয়ে দেওয়া হয়, সেইজন্য প্রধানমন্ত্রীর কাছে আর্জি জানিয়েছেন ঘাটালের সাংসদ, অভিনেতা দীপক অধিকারী-দেব।

গতকাল ঘাটাল লোকসভার সবং-এর উচিতপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে বৃক্ষরোপণ করে ‘সবুজ ঘাটাল’ অভিযানের সূচনা করেন তিনি। সাংবাদিকদের মুখোমুখি হয়ে দেব বলেন, গত ১০ বছর ধরে এজেন্সিকে ব্যবহার করে, বিরোধী দলগুলিকে ভাঙার কাজ করা হচ্ছে। তা’ বন্ধ করা প্রয়োজন। প্রতিটি দল যাতে স্বাধীনভাবে কাজ করতে পারে, তা’ প্রধানমন্ত্রী মোদীর দেখা উচিত বলে দেব মন্তব্য করেন।

*********************

তৃণমূল কংগ্রেসের গোষ্ঠীদ্বন্দ্বের জেরে গতকাল দক্ষিণ কলকাতার কসবার ইন্দু পার্কে ব্যাপক উত্তেজনা ছড়ায়। বেশ কয়েকটি গাড়ি ভাঙচুরের পাশাপাশি, শূণ্যে গুলি চালানো হয় বলে অভিযোগ উঠেছে।

সি সি টিভি ফুটেজ দেখে, ঘটনার তদন্ত করছে পুলিশ।

*********************

রাজ্য সরকারের ‘সমুদ্র সাথী’ প্রকল্পের জন্য আবেদনের সময়সীমা ১৫ ই জুলাই পর্যন্ত বাড়ছে। রাজ্যের মৎস্য দফতরের তরফে জানানো হয়েছে, লোকসভা নির্বাচনের ‘আদর্শ আচরণবিধি’ জারি থাকার জন্য বহু মানুষ ঐ প্রকল্পে আবেদন জানাতে পারেননি। বিষয়টি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ক্ষোভ প্রকাশ করেন। এরপরেই তিনি ওই প্রকল্পের আবেদনের সময়সীমা বাড়ানোর নির্দেশ দেন। আচরণবিধি প্রত্যাহার হওয়ার পরেই ওই প্রকল্পে আবেদনের সময়সীমা বাড়ানো সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করেছে মৎস্য দপ্তর।

উল্লেখ্য, রাজ্যের তিন উপকূলবর্তী জেলা উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব মেদিনীপুরের সামুদ্রিক মৎস্যজীবীদের জন্য এই প্রকল্প গত এপ্রিল মাস থেকে চালু হয়েছে। ১৫ এপ্রিল থেকে ১৪ জুন পর্যন্ত সমুদ্রে মাছ ধরতে যাওয়ার উপর নিষেধাজ্ঞা থাকে। এই প্রকল্পের আওতায় এই সময় তাদের মাসে পাঁচ হাজার টাকা করে মোট ১০ হাজার টাকা অর্থ সাহায্য দেওয়া হবে।

*********************

পূর্ব মেদিনীপুরের জেলাশাসক জয়শী দাসগুপ্তকে কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তরে OSD পদে নিয়ে আসা হয়েছে। তাঁর জায়গায় পূর্ব মেদিনীপুরের নতুন জেলাশাসক হলেন পূর্ণেন্দু মাঝি।

নির্বাচন প্রক্রিয়া চলাকালীন এই জেলার, জেলা শাসক তনভীর আফজালকে সরিয়ে দেয় নির্বাচন কমিশন। তাঁর জায়গায় জয়শী দাশগুপ্তকে জেলাশাসক পদে নিয়ে আসে কমিশন।

গতকাল এই সংক্রান্ত নির্দেশিকা প্রকাশ করেছে কর্মী বর্গ ও প্রশাসনিক দপ্তর।

*********************

রানিগঞ্জে নামী সোনার দোকান গয়নার দোকানে ডাকাতির ঘটনায় পুলিশ একজনকে আটক করেছে। লুঠ করা সামগ্রীর বেশীওভাগই উদ্ধার হয়েছে বলে জানা গেছে।

উল্লেখ্য, রানিগঞ্জে একটি নামী সোনার দোকানে ভয়াবহ ডাকাতির পর আসানসোল দক্ষিণ থানার মহিশীলার চক্রবর্তী মোড়ে গুলি চালিয়ে এক ব্যক্তির চার চাকা গাড়ি ছিনতাই করে দুষ্কৃতিরা চম্পট দিলে এলাকায় চাঞ্চল্য ছড়ায়। গাড়ির চালককেও গুলি করা হয়।

চালক নয়ন দত্ত ও এক পথচারী প্রবাল স্যানাল আহত হন। তাঁরা হাসপাতালে চিকিৎসাধীন। দিনে-দুপুরে এই ডাকাতির ঘটনায় স্থানীয় ব্যবসায়ী ও সাধারণ মানুষের মধ্যে আতঙ্ক ছড়িয়েছে।

দুষ্কৃতীদের সন্ধানে পুলিশ ঝাড়খন্ড সীমানায় নাকা চেকিং চলাচ্ছে। ছিনতাই হওয়া গাড়িটি উদ্ধার হয়েছে।

*********************

হাওড়ার জগতবল্লভপুরের মুন্সিরহাটে গতকাল সকেট বোমা উদ্ধার হওয়ার ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। বিডিও অফিস থেকে কিছুটা দূরে একটি চালের গোডাউনের কাছে বোমাগুলি পড়ে ছিল। স্থানীয়রা বোমাগুলি দেখতে পেয়ে পুলিশে খবর দেয়। জগতবল্লভপুর থানার পুলিশ, ঘটনার তদন্ত করছে।

*********************

পূর্ব মেদিনীপুরের কোলাঘাটে গতরাতে একটি বাড়িতে বিষ্ফোরণের পর আগুন ধরে যায়। সেটি বাজি কারখানা ছিল বলে স্থানীয় সূত্রে খবর। আগুন লেগে কারখানার বাড়িটি ভেঙ্গে পড়ে, তবে হতাহতের কোনো খবর নেই।

দমকলের ২’টি ইঞ্জিন প্রায় ৬’ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে।

*********************

মালদার হরিশ্চন্দ্রপুর থানার রশিদাবাদ গ্রাম পঞ্চায়েতের বিরুয়া গ্রামে পুকুরে স্নান করতে গিয়ে জলে ডুবে এক নাবালিকার মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। ওয়াফিয়া খাতুন নামে নাবালিকাটির বাড়ি হরিশ্চন্দ্রপুর থানার জনমদোল গ্রামে।

গত শনিবার সে তার দাদুর বাড়ি বিরুয়া গ্রামে ঘুরতে আসে। গতকাল বিকেলে সে সকলের অলক্ষ্যে বাড়ির পাশে পুকুরে স্নান করতে গিয়ে তলিয়ে যায়। পরে তাকে উদ্ধার করে হরিশ্চন্দ্রপুর গ্রামীণ হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকেরা মৃত বলে ঘোষণা করেন।

*********************

কলকাতা সহ দক্ষিণবঙ্গে অস্বস্তিকর ও ভ্যাপসা গরমে নাজেহাল মানুষ। আর্দ্রতাজনিত কারণে অস্বস্তিও বেশি অনুভূত হচ্ছে।

দক্ষিণবঙ্গের কয়েকটি জেলায় ফের তাপপ্রবাহের পরিস্থিতি শুরু হয়েছে। হাওড়া, বর্ধমান, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর, বীরভূম ও পুরুলিয়া জেলার কোন কোন অংশে স্বাভাবিকের ৪ থেকে ৮ ডিগ্রীর বেশি তাপমাত্রা রেকর্ড করা হয়।

পানাগড়ে গতকাল তাপমাত্রা রেকর্ড করা হয় ৪৪ দশমিক ১ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা আট দশমিক চার ডিগ্রী বেশি। কলাইকুন্ডায় তাপমাত্রা  ৪৩ দশমিক নয়, বাঁকুড়ায় ৪২ দশমিক তিন, শ্রীনিকেতনে  ৪১  ও পুরুলিয়াতে ৪২ দশমিক সাত ডিগ্রী সেলসিয়াস।

এদিকে, কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩০ দশমিক ৪’ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা ৩’দশমিক ২’ডিগ্রী বেশি।

সর্বোচ্চ তাপমাত্রা ৩9 ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

তবে, কবে বর্ষা আসবে তা নিয়ে কোন আশার বাণী শোনাতে পারেনি আবহাওয়া দফতর। দক্ষিণবঙ্গে আগামী দু-দিন তাপমাত্রা ১ থেকে ২ ডিগ্রী বৃদ্ধি পেতে পারে।

*********************

কোচবিহারের দিনহাটার গীতালদহে ভারত বাংলাদেশ সীমান্তে পাহারা দেওয়ার সময় বাজ পড়ে এক BSF জওয়ানের মৃত্যু হয়েছে। এস ইনাও নামে মনিপুরের বাসিন্দা ঐ জওয়ান BSF-এর ASI পদে কর্মরত ছিলেন। মর্মান্তিক এই ঘটনার পর এলাকা পরিদর্শনে যান BSF-এর DIG  জিএস ধালিওয়াল।

জেলারই নিশিগঞ্জে বজ্রপাতে দুই মহিলা আহত হয়েছেন। রাণীবাড়ি গ্রামে এই ঘটনায় আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। একজনের অবস্থা আশঙ্কাজনক।

*********************

নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে শ্রীশ্রী মা সারদার শুভ পদার্পণ দিবস আজ উদযাপিত হচ্ছে। উত্তর কলকাতার বাগবাজার মায়ের বাড়িতে সকাল থেকে আয়োজন করা হয়েছে মঙ্গলারতি, হোম-যজ্ঞ, পূজা পাঠ, ভক্তিমূলক গানের।  এই উপলক্ষে বাগবাজার মায়ের বাড়িতে সকাল থেকেই বহু ভক্ত ভিড় করেছেন। ১৯০৯ সালে এই  পুণ্য তিথিতে মা সারদা বাগবাজার মায়ের বাড়িতে পদার্পণ করেন।

*********************************************************